



শীতকাল (উইন্টার), 2025

প্রিয় পরিবার,

2021 সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়েরা 2026-এর ফল-এ (হেমন্তে) কিন্ডারগার্টেন শুরু করবে। আমাদের রেকর্ড অনুযায়ী, আপনার সন্তান 2021 সালে জন্মগ্রহণ করেছে এবং প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবা গ্রহণ করেছে অথবা সেগুলো পাবে কিনা সেজন্য মূল্যায়ন করা হচ্ছে। আমরা জানি কিন্ডারগার্টেনে শুরু করা আপনার সন্তানের জীবনে একটি গুরুত্বপূর্ণ অধ্যায় হয়ে থাকবে, এবং তার কিন্ডারগার্টেনে আবেদন করা ও স্কুল বয়সী শিক্ষা-নির্দেশনা এবং পরিষেবাসমূহের সাথে খাপ খাইয়ে নেয়ার সময় আমরা আপনার সহযোগী হওয়ার প্রত্যাশা আছি। শীতের শুরুতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর একজন প্রতিনিধি আপনার সাথে যোগাযোগ করবেন, যিনি এই উত্তরণের পথে আপনাকে পথ-নির্দেশনা দেবেন। আসন্ন মাসগুলোর জন্য আপনি কীভাবে প্রস্তুত হতে পারেন, সে বিষয়ে কিছু তথ্য জানাতে আমি এখন এই চিঠি লিখছি।

**একটি কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন মিটিং-এ অংশগ্রহণ করুন এবং কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন গাইডের একটি কপি নিন।** কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়া (কিন্ডারগার্টেনে আবেদন) এবং কিন্ডারগার্টেন IEP প্রক্রিয়া (KIP) (স্পেশাল এডুকেশনের কোন কোন পরিষেবা এবং সহায়তা আপনার প্রয়োজন তা নির্ধারণ করা) সম্পর্কে জানতে এই নভেম্বর, ডিসেম্বর, অথবা জানুয়ারিতে অনুগ্রহ করে আমাদের কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন মিটিং-এ আমাদের সাথে যোগ দিন। আমাদের সরাসরি সম্প্রচারিত ওয়েবিনার-এ আপনি একটি কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন গাইডের অনলাইন কপিও পাবেন, সেটা আপনাকে কিন্ডারগার্টেনে উত্তরণ সম্পর্কে বিস্তারিত তথ্য দেবে। কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন মিটিং সম্পর্কে আরও জানতে এই চিঠির সাথে দেয়া সময়সূচিটি দেখুন।

#### **কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন করুন**

যেসব পরিবারে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী রয়েছে, তারা সহ সকল পরিবারের উচিত কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন করা। পরিবারেরা অনলাইনে [myschools.nyc.gov](https://myschools.nyc.gov) -এ, ফোনে 718-935-2009 নম্বরে, অথবা একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে ([schools.nyc.gov/welcomecenters](https://schools.nyc.gov/welcomecenters)) যোগাযোগ করে আবেদন করতে পারেন। আপনার জোনভুক্ত স্কুল(সমূহ) এবং অন্যান্য আগ্রহের স্কুল সম্পর্কে জানতে আমাদের অনলাইন ডিরেক্টরি ও আবেদন করার উপকরণ MySchools.nyc ব্যবহার করুন। আপনার জোনভুক্ত স্কুল শনাক্ত করতে অনলাইনে [schools.nyc.gov/Find-a-school](https://schools.nyc.gov/Find-a-school) -এ আপনার ঠিকানা দিন, অথবা 311 নম্বরে ফোন করুন। ওপেন হাউস এবং স্কুল পরিদর্শন সম্পর্কে জানতে আমাদের ওয়েবসাইট [schools.nyc.gov/Kindergarten](https://schools.nyc.gov/Kindergarten) দেখুন, অথবা পরিদর্শনের তারিখ ও সময় জানতে স্কুলের সাথে যোগাযোগ করুন। অনুগ্রহ করে এই তথ্য 2021 সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়েদের পরিবার ও বন্ধুদের সাথে শেয়ার করুন।

**কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুতি বিষয়ক সংযুক্ত তথ্য পড়ুন: দুইটি প্রক্রিয়া, নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে স্পেশাল এডুকেশন, এবং পিতামাতা হিসেবে আপনার অধিকার।**

প্রিস্কুল শিক্ষার্থীদের বিকশিত হতে সক্ষম করে তোলার জন্য প্রয়োজনীয় পরিষেবাসহ কিন্ডারগার্টেনে তাদের ভর্তি নিশ্চিত করতে পরিবারদের সাথে কাজ করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। কিন্ডারগার্টেনে উত্তরণ যতটুকু সম্ভব বামেলানুজ্ঞ করতে আমরা আপনার সাথে একযোগে কাজ করার প্রত্যাশা করছি।

আন্তরিকভাবে,

জেসিকা ওয়ালেনস্টাইন (Jessica Wallenstein)

সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর

কমিটিজ অন স্পেশাল এডুকেশন



# কিন্ডারগার্টেনের ওরিয়েন্টেশন মিটিংসমূহ

2021 সালে জন্মগ্রহণকারী প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পরিবারদের জন্য

## সরাসরি সম্প্রচারকৃত বা লাইভ ওয়েবিনার (অনলাইন)

অনুগ্রহ করে আপনি যেদিন অংশগ্রহণ করতে চান সেদিনের রেজিস্ট্রেশনের লিংক ব্যবহার করে আগে থেকেই রেজিস্টার করুন।

13 নভেম্বর

বৃহস্পতিবার

6:00pm – 7:30pm

মিটিং আইডি (ID):  
280 804 861 892 7

পাসকোড: VX9Tu9ft

রেজিস্ট্রেশনের লিংক:  
<https://tinyurl.com/Nov13KOM>

2 ডিসেম্বর

মঙ্গলবার

9:30am – 11:00am

মিটিং আইডি (ID):  
244 006 133 324 5

পাসকোড: kr98rf2s

রেজিস্ট্রেশনের লিংক:  
<https://tinyurl.com/Dec02KOM>

4 ডিসেম্বর

বৃহস্পতিবার

6:00pm – 7:30pm

মিটিং আইডি (ID):  
284 984 923 539 3

পাসকোড: z8xA9Gg9

রেজিস্ট্রেশনের লিংক:  
<https://tinyurl.com/Dec04KOM>

শুধু স্প্যানিশ ভাষায়

8 জানুয়ারি

বৃহস্পতিবার

9:30am – 11:00am

মিটিং আইডি (ID):  
266 501 423 274 7

পাসকোড: Uz9Va72b

রেজিস্ট্রেশনের লিংক:  
<https://tinyurl.com/Jan08KOM>

শুধু স্প্যানিশ ভাষায়

27 জানুয়ারি

মঙ্গলবার

9:30am – 11:00am

মিটিং আইডি (ID):  
222 695 244 182 3

পাসকোড: c8br7YM2

রেজিস্ট্রেশনের লিংক:  
<https://tinyurl.com/Jan27KOM>

মিটিং আইডি (ID) এবং পাসকোড ব্যবহার করে ওয়েবিনারে যোগ  
দিতে, QR কোড স্ক্যান করুন অথবা দেখুন:

<https://www.microsoft.com/en-us/microsoft-teams/join-a-meeting>



কিন্ডারগার্টেন ইন্টিভিজুয়ালইজড এডুকেশন প্রোগ্রাম (IEP), স্কুল-বয়সী শিক্ষার্থীদের জন্য স্পেশাল এডুকেশন  
সার্ভিস, এবং কিন্ডারগার্টেনে আবেদন সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগ দিন!

- সকল মিটিংয়ে একই তথ্য আলোচিত হবে। পরিবারদেরকে তাদের জন্য সুবিধাজনক মিটিংয়ে অংশগ্রহণের  
আমন্ত্রণ জানানো হচ্ছে। আমরা আপনাকে আগে থেকে রেজিস্টার করতে উৎসাহিত করছি।
- মিটিংগুলো যথাসময়ে শুরু হবে। অনুগ্রহ করে শুরু হবার 15 মিনিট আগে লগ ইন করুন।
- আপনার যদি আলবানিয়ান, আরবি, বাংলা, ক্যান্টনিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, ম্যান্ডারিন, রাশিয়ান,  
ইউক্রেনিয়ান, উর্দু, অথবা উজবেক ভাষায় দোভাষী সেবা প্রয়োজন হয়, তবে আমাদের ওয়েবিনারগুলো ক্লোজ  
ক্যাপশনসহ দেখতে অনুগ্রহ করে [schools.nyc.gov/KindergartenSpecialEducation](https://schools.nyc.gov/KindergartenSpecialEducation) দেখুন।

T-38953 (Bangla)

**NYC**  
**Public**  
**Schools**

# Kindergarten Orientation Meetings

## for Families of Students with Disabilities Born in 2021

### LIVE WEBINAR (Online)

Please register in advance by using the registration link for the day you would like to attend.

**NOV 13**

**THURSDAY**

6:00pm—7:30pm

**Meeting ID:**

280 804 861 892 7

**Passcode:** VX9Tu9ft

**Registration Link:**

<https://tinyurl.com/Nov13KOM>

**DEC 2**

**TUESDAY**

9:30am—11:00am

**Meeting ID:**

244 006 133 324 5

**Passcode:** kr98rf2s

**Registration Link:**

<https://tinyurl.com/Dec02KOM>

**DEC 4**

**THURSDAY**

6:00pm—7:30pm

**Meeting ID:**

284 984 923 539 3

**Passcode:** z8xA9Gg9

**Registration Link:**

<https://tinyurl.com/Dec04KOM>

**SPANISH ONLY**

**JAN 8**

**THURSDAY**

9:30am—11:00am

**Meeting ID:**

266 501 423 274 7

**Passcode:** Uz9Va72b

**Registration Link:**

<https://tinyurl.com/Jan08KOM>

**SPANISH ONLY**

**JAN 27**

**TUESDAY**

9:30am—11:00am

**Meeting ID:**

222 695 244 182 3

**Passcode:** c8br7YM2

**Registration Link:**

<https://tinyurl.com/Jan27KOM>

**To join the webinar using the Meeting ID and Passcode, scan the QR code or visit:**

<https://www.microsoft.com/en-us/microsoft-teams/join-a-meeting>



**Please join us to learn more about a Kindergarten Individualized Education Program (IEP), special education services for school-age students, and applying to Kindergarten!**

- All meetings cover the **same** information. Families are welcome to attend any meeting that is convenient for them. **We encourage you to register in advance.**
- Meetings will begin promptly. Please log in 15 minutes early prior to start time.
- If you need interpretation for Arabic, Bengali, Cantonese, French, Haitian Creole, Korean, Mandarin, Russian, or Urdu, please visit [schools.nyc.gov/KindergartenSpecialEducation](https://schools.nyc.gov/KindergartenSpecialEducation) to view our webinar with provided closed captioning.



**NYC**  
**Public**  
**Schools**



## কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুতি গ্রহণ: দুইটি প্রক্রিয়া

নিউ ইয়র্ক সিটির যেসব পরিবারে এবছর পাঁচ বছর বয়সী হবে এমন ছেলেমেয়ে রয়েছে, তাদের স্কুল থেকে ভর্তির একটি অফার পাবার জন্য কিন্ডারগার্টেনে আবেদন করা উচিত। “কিন্ডারগার্টেনে ভর্তি” প্রক্রিয়া আপনার সন্তানকে আপনি নিউ ইয়র্ক সিটির (NYC) 32-টি স্কুল ডিস্ট্রিক্টের কোন স্কুলে(গুলোতে) ভর্তি করতে আগ্রহী, তা প্রকাশের একটি সুযোগ প্রদান করে (মনে রাখবেন, অধিকাংশ শিক্ষার্থীই তাদের বাড়ির ডিস্ট্রিক্টে একটি জোনের মাঝে একটি স্কুলে অংশগ্রহণ করে)।

স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের প্রয়োজন হতে পারে, এমন নতুন কিন্ডারগার্টেন শিক্ষার্থীর পরিবার হিসেবে আপনি "KIP" প্রক্রিয়াতেও অংশগ্রহণ করেন। এই প্রক্রিয়ার মাধ্যমে, আপনার সন্তানের কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবা প্রয়োজন আছে কিনা, এবং যদি থাকে, তাহলে সেই পরিষেবাগুলো কী হবে তা IEP টিম নির্ধারণ করবে। অনেক কিন্ডারগার্টেন শিক্ষার্থী আছে যাদের স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা রয়েছে তারা কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে অফার প্রদানকারী স্কুলে এই পরিষেবা পায়।

### কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া (কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন করা)

**ধাপ 1:** মধ্য-হেমন্ত (ফল) থেকে শীতের প্রথম ভাগ পর্যন্ত, কিন্ডারগার্টেনের জন্য আপনার অপশন বা বিকল্পসমূহ অন্বেষণ করা উচিত। আপনার বিকল্পসমূহ অন্বেষণ করতে MySchools.nyc ব্যবহার করুন।

**ধাপ 2:** শীতে, আপনি কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন শুরু করতে পারেন। শেষ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে ভুলবেন না।

**ধাপ 3:** আপনি যদি কিন্ডারগার্টেনে আবেদন করে থাকেন এবং যদি সেটি শেষ তারিখের আগে জমা দিয়ে থাকেন, তবে আপনি বসন্তে (স্প্রিং-এ) একটি ভর্তি প্রস্তাবের চিঠি (অফার লেটার) পাবেন।

**ধাপ 4:** আপনি ভর্তি প্রস্তাবের চিঠি (অফার লেটার) পাবার পর, আপনি আপনার সন্তানকে ঐ স্কুলটিতে রেজিস্টার করতে পারেন (বসন্তের প্রথম ভাগ থেকে শেষ নাগাদ)।

### KIP (বিভিন্ন স্পেশাল এডুকেশন পরিষেবা এবং সহায়তা নির্ধারণ)

**ধাপ 1:** আপনি যখন ডাকযোগে নোটিস অভ রেফারেল (সুপারিশের বিজ্ঞপ্তি) পাবেন, তখন থেকে KIP প্রক্রিয়াটি শুরু হবে। আপনি এই নোটিসটি শীতের (উইন্টার) শুরু থেকে গ্রীষ্মের (সামারের) শেষের মাঝে পেতে পারেন।

**ধাপ 2:** প্রয়োজনবোধে, আপনার সন্তানকে পুনর্মূল্যায়ন করা হতে পারে।

**ধাপ 3:** আপনার সন্তানের যদি সুনির্দিষ্ট স্বাস্থ্যগত চাহিদা থাকে, তবে আপনার DOE প্রতিনিধির কাছে মেডিক্যাল ফর্মগুলো পূরণ করে যথাশীঘ্র জমা দেয়া উচিত। আপনার IEP মিটিং পর্যন্ত অপেক্ষা করবেন না।

**ধাপ 4:** আপনি একটি কিন্ডারগার্টেন IEP মিটিংয়ে যোগ দেবেন। মিটিংগুলো মার্চ থেকে অগাস্টের শেষ পর্যন্ত সময়ের মাঝে অনুষ্ঠিত হবে। আপনি কখন KIP প্রক্রিয়াটি শুরু করেছেন তার উপর আপনার মিটিংয়ের সময় নির্ভর করবে।

**ধাপ 5:** আপনার সন্তানের যদি কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন হয়, তবে আপনি একটি সবুজ স্কুল লোকেশন লেটার (স্কুলের ঠিকানা সংক্রান্ত চিঠি) পাবেন। KIP প্রক্রিয়াটি কখন শুরু করেছেন তার উপর নির্ভর করে আপনি এই চিঠিটি শিক্ষা বছরের শেষ দিক থেকে অগাস্টের শেষ নাগাদ কোনো এক সময় পাবেন।

আপনি যদি কিন্ডারগার্টেনে আবেদন করেন, সবুজ স্কুল লোকেশন লেটার-এ আপনি যে আসন পাবেন, সেটা আর আপনার অফার লেটার-এ উল্লিখিত স্কুল একই হবে (যদি না তার IEP-তে সুপারিশকৃত NYC পাবলিক স্কুলস্-এর একটি স্পেশালাইজড (ডিস্ট্রিক্ট 75) আসন দেয়া হয় অথবা সে যদি কোনো বিশেষায়িত কর্মসূচিতে (স্পেশালাইজড প্রোগ্রামে) গৃহীত হয়। আপনি যদি কিন্ডারগার্টেনে আবেদন না করেন, আপনি একটি অফারের চিঠি পাবেন না, কিন্তু তবুও আপনার সন্তানের IEP মিটিংয়ের পরে আপনার সন্তান কোনো স্কুলে একটি আসন পাবে।

## নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ স্পেশাল এডুকেশন

আমরা নিম্নোক্তগুলো সকল প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীর জন্য নিশ্চিত করতে নিবেদিত:

- চ্যালেঞ্জপূর্ণ ক্লাস নেয়ার সুযোগ রয়েছে এবং তাদেরকে যথোপযুক্ত উচ্চ শিক্ষায়তনিক মান অনুযায়ী বিচার করা হয়
- প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সঙ্গে যথাসম্ভব একই ক্লাসে শিক্ষাদান করা হয়
- সফল হওয়ার জন্য প্রয়োজনীয় পরিষেবা লাভের পাশাপাশি, তাদের জোনভুক্ত স্কুলগুলোতে অথবা আগ্রহের স্কুলগুলোতে যখন সম্ভব অংশগ্রহণ করতে তারা যেন সক্ষম হয়

যেসকল প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবা আবশ্যিক, তাদের ব্যক্তিগতকৃত শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম, IEP) থাকে। যে দল (টিম) IEP তৈরি করেছে তাতে প্রযুক্ত-প্রদানকারী হিসেবে আপনি অন্তর্ভুক্ত। এতে আপনার সন্তানের আগ্রহ, যে বিষয়গুলোতে সে ভালো, এবং তার চাহিদাসমূহ সম্পর্কে তথ্য রয়েছে। IEP আপনার সন্তানের শিক্ষা বছরের জন্যেও লক্ষ্য নির্ধারণ করবে এবং সেটায় স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সংশ্লিষ্ট পরিষেবাসমূহের বিবরণ থাকবে, যেগুলো তার এসব লক্ষ্য পূরণে সহায়ক হবে।

স্পেশাল এডুকেশন একটি “ক্লাস” অথবা একটি “স্থান” নয়। স্পেশাল এডুকেশন ব্যাপক পরিসরের সহায়তা ও পরিষেবাসমূহের বর্ণনা দেয়:

- একটি IEP-তে স্কুল দিবসের ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন ধরনের ক্লাস এবং পরিষেবাসমূহ অন্তর্ভুক্ত থাকে।
  - উদাহরণস্বরূপ, একজন শিক্ষার্থী যার রিডিংয়ে বাড়তি সহায়তার প্রয়োজন, সে একটি ছোট-ক্লাস (স্বল্প সংখ্যক শিক্ষার্থী) কাঠামোতে রিডিংয়ে শিক্ষা-নির্দেশনা পেতে পারে এবং দিনের বাকি সময় জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) ক্লাসে ব্যয় করতে পারে।
- ক্লাসরুমে প্রদানের জন্য একটি IEP বিভিন্ন পরিষেবা অন্তর্ভুক্ত করতে পারে।
  - উদাহরণস্বরূপ, কোনও ক্লাসরুমে পাঠদানকালে একজন স্পিচ থেরাপিস্ট শিক্ষার্থীর সাথে কাজ করতে পারেন।
- একটি IEP ভিন্ন কোনো স্থানে প্রদানের জন্যেও পরিষেবা অন্তর্ভুক্ত করতে পারে।
  - উদাহরণস্বরূপ, একজন গাইডেন্স কাউন্সেলর তার অফিসে একজন শিক্ষার্থীর সাথে কাজ করতে পারেন।

প্রত্যেক শিক্ষার্থীর সুনির্দিষ্ট চাহিদা পূরণের উপযোগী করে তৈরি করা নির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে স্কুলগুলি প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের যত বেশি সম্ভব জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) স্কুলের কোর্সগুলোতে অভিজ্ঞতা দান করতে পারে।

# প্রিস্কুল থেকে উত্তরণের সময় পিতামাতাদের অধিকার

কিন্ডারগার্টেনে প্রবেশকারী একজন শিক্ষার্থীর পিতামাতা হিসেবে, আপনার বহু অধিকার রয়েছে:

- IEP টিম বাধ্যতামূলক বলে নির্ধারণ করেছে এমন কোনো নতুন মূল্যায়নে আপনার সম্মতি প্রদানের বা প্রত্যাহারের অধিকার।
  - দ্রষ্টব্য: আপনার সন্তানের যদি প্রিস্কুল IEP থাকে এবং IEP টিম আপনার সম্মতি নিতে চেষ্টা করেও উত্তর না পায়, সেক্ষেত্রে আপনার সম্মতি ছাড়াই মূল্যায়ন পরিচালিত হতে পারে।
- আপনার নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর প্রতিনিধির কাছে একটি চিঠি লিখে কোনো বিশেষ মূল্যায়ন পরিচালনার অনুরোধ জানানোর অধিকার।
- আপনার IEP টিমকে বেসরকারিভাবে পরিচালিত মূল্যায়নের রিপোর্টের কপি প্রদান এবং IEP টিমকে দিয়ে এসব মূল্যায়ন পর্যালোচনা ও বিবেচনা করানোর অধিকার।
- আপনার সন্তানের IEP টিম-এর একজন সম-অধিকারসম্পন্ন সদস্য হওয়ার এবং সকল IEP মিটিংয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অর্থবহভাবে অংশগ্রহণ করার অধিকার আপনার।
- সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সহায়তা করার জন্য আপনার সন্তানকে ভালোভাবে চেনে বা তার সম্পর্কে বিশেষ দক্ষতা আছে, এমন অন্যান্য ব্যক্তিদেরকে IEP মিটিংয়ে আমন্ত্রণ জানানোর অধিকার।
- IEP মিটিং-এর আগে আপনার সন্তানের মূল্যায়নের কপি এবং অগ্রগতির রিপোর্ট পাওয়ার এবং আপনার সন্তানের IEP মিটিংয়ের দুই সপ্তাহের মধ্যে আপনার সন্তানের IEP-এর কপি পাওয়ার অধিকার।
- আপনার সন্তান সম্পর্কে গৃহীত সিদ্ধান্তগুলোর সাথে আপনি দ্বিমত পোষণ করলে, <https://www.schools.nyc.gov/learning/special-education/due-process-impartial-hearings-and-mediation> -সাইটের মাধ্যমে, আরেকটি IEP মিটিংয়ের, মধ্যস্থতার, কিংবা একটি নিরপেক্ষ শুনানি আয়োজনের অনুরোধ করার, কিংবা নিউ ইয়র্ক স্টেট বরাবর একটি অভিযোগ জমা দেয়ার অধিকার।
- যেকোনো সময় IEP টিম-এর কাছে চিঠি লিখে সকল স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) কর্মসূচি ও পরিষেবা বিষয়ে সম্মতি রদ (প্রত্যাহার) করার অধিকার। আপনি যদি তা করেন, তাহলে আপনার সন্তানের শিক্ষাগত ফাইল দেখাবে যে আপনার সন্তান প্রি-স্কুলে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণ করেছিল।

স্পেশাল এডুকেশন মিটিংয়ে আপনার দোভাষী পরিষেবা চাওয়ার, এবং IEP, মূল্যায়ন ও বিজ্ঞপ্তিসমূহের অনুবাদিত সংস্করণ পাবার অধিকার আছে। আপনি আপনার সন্তানের IEP টিমের কাছে ভাষাগত সহায়তার জন্য অনুরোধ করতে পারেন। এছাড়াও আপনি [schools.nyc.gov/IEPHello](https://schools.nyc.gov/IEPHello) ওয়েবসাইটের মাধ্যমে অথবা 718-935-2013 নম্বরে ফোন করে আপনার সন্তানের IEP অনুবাদ করার অনুরোধ করতে পারেন। যদি আপনার ভাষাগত সহায়তা পরিষেবা নিয়ে উদ্বেগ থাকে, তবে অনুগ্রহ করে NYC-এর ওয়েবসাইটে ([schools.nyc.gov/connect-with-us](https://schools.nyc.gov/connect-with-us)) বর্ণিত তীব্রতা বৃদ্ধির (এসকেলেশন) প্রক্রিয়া অনুসরণ করতে পারেন। যদি স্কুল অথবা ডিস্ট্রিক্ট পর্যায়ে আপনার উদ্বেগ প্রশমিত না হয়, তাহলে আপনি একটি অভিযোগ জমা দিতে পারেন। অভিযোগ কীভাবে জমা দিতে হবে সেটার বিস্তারিত বিবরণ NYC পাবলিক স্কুলস্-এর ওয়েবসাইটে (<https://www.schools.nyc.gov/school-life/school-environment/get-help/parent-complaints-and-appeals> -এ) দেয়া আছে।

নির্দিষ্ট সময়সীমার মধ্যে স্পেশাল এডুকেশনে ভর্তি এবং পরিষেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি (নোটিফিকেশন) পাবার অধিকার আপনার আছে। যে ক্যালেন্ডার বছরে একজন শিক্ষার্থীর বয়স 5 বছর হবে এবং এই ফল-এ (হেমন্তে) কিন্ডারগার্টেনে ভর্তি হবে, তার জন্য:

যদি একটি রেফারেল গৃহীত হয়...	...উল্লেখিত তারিখের মধ্যে অবশ্যই আসন অফার করতে হবে:
2 সেপ্টেম্বর থেকে 3 মার্চ পর্যন্ত	15 জুন
4 মার্চ থেকে পহেলা (1) এপ্রিল পর্যন্ত	15 জুলাই
2 এপ্রিল থেকে 12 মে পর্যন্ত	17 অগাস্ট
13 মে থেকে 31 অগাস্ট পর্যন্ত	রেফারেলের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে

এর অর্থ হচ্ছে আপনার সন্তানের যদি মার্চের আগে একটি প্রিস্কুল IEP থেকে থাকে অথবা মার্চের আগে আপনি আপনার সন্তানকে যদি বিশেষ শিক্ষা মূল্যায়ন করার জন্য সুপারিশ করে থাকেন, তাহলে NYC পাবলিক স্কুলস্ অবশ্যই আপনাকে সেপ্টেম্বরে প্রদত্ত পরিষেবা ও আসনদান সম্পর্কে 15 জুনের মধ্যে অবহিত করবে। NYC পাবলিক স্কুলস্ আপনার সন্তানকে যেসব পরিষেবা দেয়া হবে এবং আপনার সন্তান যে স্কুলে এই পরিষেবাগুলো পাবে তা উল্লেখ করবে।

- যদি আপনি উপরোল্লিখিত সময়সীমার কয়েক দিনের মধ্যে একটি আসনের অফার লাভ না করেন, তবে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন অথবা [T5Placement@schools.nyc.gov](mailto:T5Placement@schools.nyc.gov) -ঠিকানায় ইমেইল করুন। যদি IEP-তে স্পেশাল ক্লাস সুপারিশ করা হয় এবং NYC পাবলিক স্কুলস্ উপরোক্ত চার্টের সময়রেখার মধ্যে সুপারিশকৃত আসন অফার না করে, তাহলে আপনার সন্তানকে কোনও খরচে না করে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-অনুমোদিত একটি নন-পাবলিক স্কুলে একটি যথাযথ প্রোগ্রামে ভর্তি করার অধিকার আপনার থাকতে পারে। যদি আপনি NYC পাবলিক স্কুলস্ পরিচালিত মূল্যায়নের সাথে একমত না হয়ে থাকেন, তবে NYC পাবলিক স্কুলস্-এর খরচে একটি স্বতন্ত্র মূল্যায়ন লাভের অনুরোধ করার অধিকার আপনার আছে। এই অনুরোধটি আপনাকে অবশ্যই লিখিতভাবে NYC পাবলিক স্কুলস্-কে জানাতে হবে। NYC পাবলিক স্কুলস্ হয় একটি নিরপেক্ষ মূল্যায়নের ব্যয়ভার বহন করতে সম্মত হবে, নাহয় মূল্যায়নটি যথাযথ তা প্রদর্শনের জন্য একটি নিরপেক্ষ শুনানির জন্য আবেদন করবে।
- যদি NYC পাবলিক স্কুলস্ নিম্নলিখিত সারণিতে উল্লিখিত সময়সীমার মধ্যে মূল্যায়নটি সম্পন্ন না করে (এর ব্যতিক্রম, যদি NYC পাবলিক স্কুলস্ এই বিলম্বের জন্য দায়ী না হয়), তবে NYC পাবলিক স্কুলস্-এর খরচে আপনার একজন স্বতন্ত্র মূল্যায়ন লাভ করার অধিকার আছে।

যদি পুনর্মূল্যায়নের অনুরোধ গৃহীত হয়ে থাকে...	...মূল্যায়ন উল্লেখিত তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে:
2 সেপ্টেম্বর থেকে 3 মার্চ পর্যন্ত	1 জুন
4 মার্চ থেকে পহেলা (1) এপ্রিল পর্যন্ত	1 জুলাই
2 এপ্রিল থেকে 12 মে পর্যন্ত	3 আগস্ট
13 মে থেকে 31 আগস্ট পর্যন্ত	রেফারেলের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতার অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য, [অনলাইনে](#) -

<https://schools.nyc.gov/special-education/help/contacts-and-resources> -ঠিকানায়, আমাদের *ফ্যামিলি গাইড টু স্পেশাল এডুকেশন স্কুল-এজ সার্ভিসেস* এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের *প্রসিডিউরাল সেফগার্ড নোটিস: রাইটস্ ফর প্যারেন্টস্ অভ চিলড্রেন উইদ ডিসঅ্যাবিলিটিজ, বয়স 3-21* (স্টেটমেন্ট অভ ফ্যামিলিজ রাইটস) [অনলাইনে](#) <https://schools.nyc.gov/special-education/help/your-rights> -ঠিকানায় পাওয়া যাবে। উভয় নথি বা ডকুমেন্ট স্কুলগুলোতেও পাওয়া যাবে।